**বিকাশ প্ল্যাটফর্ম ব্যবহার করে পেওনিয়ার একাউন্ট রেজিস্ট্রেশন:**

১. পেওনিয়ার একাউন্ট খোলার সময় বিকাশ অ্যাপ থেকে গ্রাহককে একটি পেওনিয়ার পরিচালিত রেজিস্ট্রেশন পেইজে নিয়ে যাওয়া হবে।

২. পেওনিয়ার রেজিস্ট্রেশনের সময় গ্রাহককে সঠিকভাবে সব তথ্য প্রদান করতে হবে। ভুল তথ্য প্রদানের কারণে যদি রেজিস্ট্রেশন ব্যর্থ হয় সেক্ষেত্রে বিকাশ দায়ী থাকবে না।

৩. বিকাশ অ্যাপের মাধ্যমে রেজিস্টার্ড পেওনিয়ার একাউন্ট সাথে সাথেই অ্যাক্টিভেট হবে না। এটি পেওনিয়ার কর্তৃক রিভিউ হতে ৩ কর্মদিবস সময় লাগবে। রেজিস্ট্রেশন ব্যর্থ কিংবা দেরি হলে গ্রাহককে পেওনিয়ার-এর সাথে যোগাযোগ করতে হবে।

**পেওনিয়ার এবং বিকাশ একাউন্ট লিংক:**

১. বিকাশ একাউন্টের সাথে পেওনিয়ার একাউন্ট লিংকের সময় গ্রাহককে বিকাশ অ্যাপ থেকে একটি পেওনিয়ার পরিচালিত পেইজে নিয়ে যাওয়া হবে।

২. পেওনিয়ার ও বিকাশ একাউন্ট সফলভাবে লিংক করতে, গ্রাহকের পেওনিয়ার একাউন্টে রেজিস্টার্ড নাম এবং তার বিকাশ একাউন্টের নাম অবশ্যই এক হতে হবে।

৩. একাউন্ট লিংকিং-এর সময় কিংবা ফান্ড ট্রান্সফারের সময় গ্রাহকের পেওনিয়ার রেজিস্টার্ড মোবাইলে আসা ওটিপি বা ভেরিফিকেশন কোড কখনোই কারো সাথে শেয়ার করা যাবে না।

৪. ভুল ইউজার নেইম এবং পাসওয়ার্ড কিংবা ওটিপি/ভেরিফিকেশন কোডের কারণে যদি একাউন্ট লিংকিং কিংবা ফান্ড ট্রান্সফার ব্যর্থ হয়, তাহলে তার দায়ভার বিকাশ নিবে না।

৫. লিংকিং-এর জন্য বিকাশ পেওনিয়ার-এর সাথে কোনো ব্যক্তিগত তথ্য শেয়ার করে না।

**ফান্ড ট্রান্সফার এবং সার্ভিস চার্জ:**

১. গ্রাহককে নিশ্চিত করতে হবে যে তার পেওনিয়ার একাউন্টটি সচল রয়েছে এবং একাউন্টটির ট্রানজেকশনের অনুমোদন রয়েছে। পেওনিয়ার একাউন্টের স্ট্যাটাসের কারণে কোনো ট্রানজেকশন ব্যর্থ হলে তার দায়ভার বিকাশ নিবে না।

২. পেওনিয়ার থেকে বিকাশ একাউন্টে ফান্ড ট্রান্সফারের সময় গ্রাহককে বিকাশ অ্যাপ থেকে একটি পেওনিয়ার পরিচালিত পেইজে নিয়ে যাওয়া হবে।

৩. পেওনিয়ার থেকে বিকাশ একাউন্টে ফান্ড ট্রান্সফারের সময় যদি ওটিপি/ভেরিফিকেশন কোড না আসে, সেক্ষেত্রে গ্রাহককে পেওনিয়ার-এর কাস্টমার সার্ভিসের সাথে যোগাযোগ করতে হবে।

৪. পেওনিয়ার-এর কোনো নিয়মাবলির ভুল বা অসম্মতি-জনিত কারণে যদি পেওনিয়ার ফান্ড ট্রান্সফারের আবেদন বাতিল করে দেয় তাহলে তার জন্য বিকাশ দায়ী থাকবে না।

৫. পেওনিয়ার একাউন্ট থেকে বিকাশ একাউন্টে একজন গ্রাহক সর্বনিম্ন ১,০০০ টাকা ট্রান্সফার করতে পারবেন।

৬. বিকাশ একাউন্টে ফান্ড ট্রান্সফারের সময় পেওনিয়ার গ্রাহকের পেওনিয়ার একাউন্ট থেকে সার্ভিস চার্জ (ফান্ড ট্রান্সফার ফি) কেটে রাখবে। পেওনিয়ার-এর পলিসি অনুযায়ী সময়ভেদে সার্ভিস চার্জ ভিন্ন হতে পারে। পেওনিয়ার-এর আরোপিত সার্ভিস চার্জ সংক্রান্ত ব্যাপারে বিকাশ কোনোরূপ দায়বদ্ধ নয়। সার্ভিস চার্জ বিষয়ক যেকোনো জিজ্ঞাসা বা তথ্যের জন্য পেওনিয়ার কাস্টমার সার্ভিসের সাথে যোগাযোগ করতে হবে।

৭. ফান্ড ট্রান্সফার সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর, অ্যাপ নোটিফিকেশন এবং/অথবা এসএমএসের মাধ্যমে গ্রাহকের সাথে একটি ফাইনাল স্ট্যাটাস শেয়ার করা হবে। যেক্ষেত্রে পার্টনারের (উদাহরণস্বরূপ: পেওনিয়ার) দ্বারা ট্রানজেকশন ডিটেইলস ভেরিফাইড হতে হবে, সেক্ষেত্রে পেওনিয়ার ২৪ ঘণ্টার মাঝে সাড়া দিবে, এবং সর্বোচ্চ ৫ কর্মদিবসের মাঝে ট্রান্সফার নিশ্চিত করবে।

৮. পেওনিয়ার একাউন্ট থেকে বিকাশ একাউন্টে ফান্ড ট্রান্সফারের ক্ষেত্রে পেওনিয়ার-এর পক্ষ থেকে কোনো প্রকার বিলম্ব ঘটলে বিকাশ এর জন্য দায়ী নয়।

৯. প্রসেসিংয়ের জন্য একবার ট্রান্সফার রিকোয়েস্ট করা হলে, তা আর বাতিল কিংবা ফেরতযোগ্য নয় ।

১০. যেকোনো ধরনের সিস্টেম ত্রুটি, অতিরিক্ত অর্থপ্রদান কিংবা অন্য কোনো যুক্তিসঙ্গত কারণে বিকাশ কর্তৃপক্ষ যেকোনো বিকাশ একাউন্টের যেকোনো ট্রানজেকশন বাতিল, রিভার্স বা সংশোধন করার বা যেকোনো বিকাশ একাউন্ট ডেবিট করার অধিকার সংরক্ষণ করে। এই ব্যাপারে, গ্রাহককে যথাযথভাবে অবহিত করা হবে।

**অন্যান্য:**

১. শুধুমাত্র স্মল ভ্যালু সার্ভিস এক্সপোর্টের মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্সের টাকা দেশে আনার ক্ষেত্রে একজন গ্রাহক পেওনিয়ার একাউন্ট ব্যবহার করতে পারবেন।

২. বিকাশ একাউন্টে নিবন্ধন, অন্য একাউন্ট সংযুক্ত করা কিংবা ফান্ড ট্রান্সফারের ক্ষেত্রে কোনো গ্রাহক যদি ব্যর্থ হন, তাহলে সেজন্য বিকাশ দায়ী নয়। যেকোনো জিজ্ঞাসায় নিম্নোক্ত লিংকের মাধ্যমে পেওনিয়ার-এর সঙ্গে যোগাযোগ করা যাবে: https://payoneer.custhelp.com/app/ask/l_id/1/c/3750

৩. এই সার্ভিসের ফলে পেওনিয়ার রেজিস্টার্ড মোবাইল নাম্বার এবং বিকাশ মোবাইল নাম্বার সংযুক্ত নয়- গ্রাহক এ সম্পর্কে সম্যক ধারণা রাখেন বলে ধরে নেওয়া হচ্ছে।

৪. বিকাশ একাউন্ট সম্পর্কিত যেকোনো ধরনের সমস্যায় 16247-এ কল করার মাধ্যমে অথবা livechat.bkash.com ভিজিট করার মাধ্যমে কিংবা support@bkash.com-এই ঠিকানায় ইমেইলের মাধ্যমে গ্রাহক বিকাশ-এর কাস্টমার কেয়ার সার্ভিসের সঙ্গে যোগাযোগ করতে পারবেন।

৫. এই সার্ভিস সম্পর্কিত শর্তাবলি বিকাশ যেকোনো সময় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার অধিকার সংরক্ষণ করে।